



## ইরানের রাডার কেন্দ্রে মার্কিন হামলা



ছবি: সংগৃহীত

ইরানের দুটি নজরদারি রাডার কেন্দ্রে হামলা চালিয়ে অন্তত চারটি ড্রোন ধ্বংস করার দাবি করেছে যুক্তরাষ্ট্র। মার্কিন সামরিক বাহিনীর মধ্যপ্রাচ্যভিত্তিক কমান্ড ইউএস সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। শনিবার (৬ জুন) আন্তর্জাতিক সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদনে বিষয়টি উঠে আসে। সেন্টকমের দাবি, কেশম দ্বীপ ও গোরুকে উপকূল এলাকায় অবস্থিত রাডার স্থাপনাগুলোকে লক্ষ্য করে অভিযান চালানো হয়। যুক্তরাষ্ট্রের দাবি, হরমুজ প্রণালিতে অবস্থান করা মার্কিন নৌবাহিনীর জাহাজ লক্ষ্য করে ইরান এসব ড্রোন পাঠিয়েছিল। আত্মরক্ষার অংশ হিসেবেই ড্রোনগুলো ভূপাতিত করা হয়েছে বলে উল্লেখ করেছে তারা। এদিকে ইরানের সংবাদমাধ্যম তাসনিম নিউজ জানিয়েছে, দক্ষিণাঞ্চলের হরমুজগান প্রদেশের সিরিক বন্দর এলাকাতেও হামলা হয়েছে। সেখানে কয়েকটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে বলেও দাবি করা হয়।

তবে ঘটনার বিষয়ে ভিন্ন বক্তব্য দিয়েছে তেহরান। ইরানের পক্ষ থেকে বলা হয়েছে, ওমান উপসাগরে মার্কিন বাহিনীকে সতর্ক সংকেত দিতেই গুলি ছোঁড়া হয়েছিল। হামলা চালানোর কোনো উদ্দেশ্য ছিল না বলেও দাবি করেছে দেশটি।